সংবাদ

তারিখ ... JUL 29 2006 ...
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# রাজশাহীতে ইউসেপ টেকনিক্যাল স্কুলের কার্যক্রম শুরু

গত মঙ্গলবার ইউসেপ রাজশাহী টেকনিক্যাল স্কুলের উদ্বোধনের মাধ্যমে শহরের সুবিধাবঞ্চিত শ্রমজীবী শিশুদের কারিগরি প্রশিক্ষণের ক্ষেত্রে এক নতুন যুগের সূচনা হলো। ডিএফআইডির অর্থানুকূল্যে প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে রাজশাহী শহরের উপকণ্ঠে পবায় প্রতিষ্ঠিত ইউসেপ রাজশাহী টেকনিক্যাল স্কুলের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ডিএফআইডি বাংলাদেশের ক্যান্টি রিপ্রেজেন্টেটিভ ডেভিড উড।

ইউসেপ বাংলাদেশ ১৯৭২ সাল থেকে শহুরে শ্রমজীবী শিশুদের ভাগ্যোন্নয়নের কাজ করে যাচ্ছে। বর্তমানে ঢাকা, রাজশাহী, খুলনা ও চট্টগ্রামে ৩৪টি জেনারেল স্কুল ৫টি টেকনিক্যাল স্কুল ও ৯টি প্যারাট্রেড প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ইউসেপ প্রায় ২৬ হাজার সুবিধাবঞ্চিত ছেলেমেয়েকে সাধারণ শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ দিয়েছে। কারিগরি প্রশিক্ষণ শেষে ইউসেপের পক্ষ থেকে এসব ছেলেমেয়েকে দেশে ও বিদেশে চাকরির ব্যবস্থা করা হয়।

এর আগে ইউসেপ ৪টি জেনারেল স্কুল ও ২টি প্যারাট্রেড প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে রাজশাহীতে কার্যক্রম পরিচালনা করে আসছিল। নতুন এ টেকনিক্যাল স্কুল প্রতিষ্ঠার পর এসব অঞ্চলের দরিদ্র শ্রমজীবী ছেলেমেয়েরা উন্নততর কারিগরি প্রশিক্ষণ লাভে সক্ষম হবে। এখানে আপাতত অটোমেকানিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক কন্ট্রোল, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, মেশিনিস্ট, টেইলরিং অ্যান্ড ড্রেসমেকিংয়ে ৫টি ট্রেডে ১৬০ জন শিক্ষার্থী প্রশিক্ষণের সুযোগ পাবে এবং পর্যায়ক্রমে ট্রেড ও ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি করা হবে।

ডিএফআইডির কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ডেভিড উড নতুন স্কুল ভবন উদ্বোধনকালে বলেন, ব্রিটিশ সরকার বাংলাদেশের জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে সম্ভাব্য সব ধরনের সুযোগ-সুবিধা প্রদানে বদ্ধপরিকর। দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে এ ধরনের কারিগরি প্রশিক্ষণ কর্মসূচি দেশের সব শহরে ছড়িয়ে দেয়া প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন।

তিনি শ্রমজীবী শিশুদের ভাগ্যোন্নয়নে ইউসেপ পরিচালিত কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানে ইউসেপ বোর্ড অফ গভর্নরসের চেয়ারপার্সন ও সাবেক এমপি এম সিরাজুল ইসলাম বলেন, দেশের পশ্চাৎপদ এ অঞ্চলে যমুনা সেতু প্রতিষ্ঠা ও গ্যাস লাইন সম্প্রসারণের উদ্যোগের ফলে শিল্পায়নের ক্ষেত্রে নতুন দ্বার উন্মোচিত হয়েছে এবং একই সঙ্গে শ্রম বাজারে এসেছে গতিশীলতা। এ অবস্থায় দক্ষ মানব সম্পদের জোগানে রাজশাহী টেকনিক্যাল স্কুল বিশেষ ভূমিকা রাখবে বলে তিনি উল্লেখ করেন।



*ইউসেপ রাজশাহী টেকনিক্যাল স্কুলের উদ্বোধন শেষে ডিএফআইডি বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ডেভিড উড বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন*

অনুষ্ঠানে বক্তৃতাকালে ইউসেপের নির্বাহী পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আফতাব উদ্দিন আহমদ (অব.) বলেন, এনজিও হিসেবে বর্তমানে ইউসেপ দেশের শিল্পখাতের জন্য দক্ষ মানব সম্পদ তৈরিতে শীর্ষস্থানে রয়েছে। ইউসেপে প্রশিক্ষণপ্রাপ্ত ছেলেমেয়েরা দেশে-বিদেশে অত্যন্ত সুনামের সঙ্গে কাজ করছে বলে তিনি উল্লেখ করেন। রাজশাহী শহরে টেকনিক্যাল স্কুল প্রতিষ্ঠা ইউসেপের দীর্ঘদিনের স্বপ্ন হিসেবে উল্লেখ করে তিনি এর বাস্তবায়নের অংশীদার ডিএফআইডির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

ইউসেপ বোর্ড অফ গভর্নরসের ভাইস চেয়ারপারসন ড. ওবায়দুর রব, ডিএফআইডির এডুকেশন এডভাইজার বারবারা পেইন, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং ইউসেপে উর্ধ্বতন কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা এ সময় উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।